ঠাকুরগাঁওয়ে কোটা বিরোধীদের বিক্ষোভ।

ঠাকুরগাঁও প্রতিনিধি: ঠাকুরগাঁওয়ে কোটা বিরোধীদের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল ১৭জুলাই বুধবার বিকেলে কোটা বিরোধীরা এক বিক্ষোভ সমাবেশ শহরের বড় মাঠের পূর্ব পার্শ্বে অনুষ্ঠিত হয়েছে। ।গত ১৬ জুলাই এর সংঘর্ষের কারণে, কোটা বিরোধীরা কৌশল অবলম্বন করেছে বলে জানান এই আন্দোলনের নেতা সোহেল। তিনি আরো জানান, কৌশল অবলম্বন করে কোটা বিরোধী আন্দোলনকে বেগবান করতে হবে। সেই সাথে যারা আমাদের আন্দোলনের সাথে একাত্মতা প্রকাশ করেছে, তাদের যেন কোন হয়রানির শিকার না হতে হয় সেটাও বিবেচনা করতে হচ্ছে। ঠাকুরগাঁওয়ের সাধারণ ছাত্র সমাজের ব্যানারে এই বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। ব্যানারে আমার সোনার বাংলায় বৈষম্যের ঠাই নাই। সরকারি চাকরিতে কোটা সংস্কার ও আদালতের রায় বাতিলের বাতিলের দাবিতে বৈষম্য – বিরোধী এই ছাত্র আন্দোলনের ডাক। সারা দেশের ন্যায় ঠাকুরগাঁওয়ে কোটা বিরোধীদের সাথে একাত্মতা ঘোষণা করে এই আন্দোলনকে বেগবান করতে অভিমত ব্যক্ত করেন কোটা বিরোধীদের কয়েকজন।